অগ্রণী ব্যাংক পিএলসি.

প্রকিউরমেন্ট এন্ড কমন সার্ভিসেস ডিভিশন (প্রিন্টিং)
প্রধান কার্যালয়, আলামিন সেন্টার (৩য় তলা),
২৫/এ দিলকুশা বা/এ, মতিঝিল, ঢাকা।

২০২৭ সালের জন্য অগ্রণী ব্যাংক পিএলসি. এর ওয়াল ক্যালেন্ডার মুদ্রণ ও সরবরাহের ইজিপি পোর্টালে উন্মুক্ত দরপত্র বিজ্ঞপ্তি।

অগ্রণী ব্যাংক পিএলসি. এর ২০২৭ সালের ক্যালেন্ডার (কাগজসহ মুদ্রণ ও বাঁধাই) এবং তৎসংশ্লিষ্ট খাম মুদ্রণ ও প্রস্তুত করে সরবরাহের জন্য হালনাগাদ আয়কর পরিশোধের সনদপত্র, ভ্যাট রেজিস্টেশন ও বৈধ ট্রেড লাইসেন্সধারী ও সন্তোষজনক পূর্ব অভিজ্ঞতাসম্পন্ন দেশের খ্যাতনামা মুদ্রণকারী প্রতিষ্ঠান হতে e-GP পোর্টালের মাধ্যমে উন্মুক্ত দরপত্র আহ্বান করা যাচ্ছে। এ সংক্রান্ত প্রয়োজনীয় তথ্যাদি নিম্নে বর্ণিত হলো:-

১.	কাজের নাম	:	৫,০০০ (পাঁচ হাজার) খামসহ ৬,০০,০০০/- (ছয় লক্ষ) উন্নতমানের ডাবল লুপ ওয়্যার বাঁধাই ক্যালেন্ডার মুদ্রণ ও সরবরাহ। ব্যাংকের নির্ধারিত/ অনুমোদিত থিম/বিষয়বস্তুর উপর ভিত্তি করে ২০২৭ সালের ৬(ছয়) পাতা ও একটি সৌজন্য পাতাসহ ওয়াল ক্যালেন্ডারের ডিজাইন সরবরাহ করতে হবে। সিডিউল মোতাবেক দরদাতাকে নিজ উদ্যোগে ও তত্ত্বাবধানে ব্যাংক অনুমোদিত ডিজাইন সরবরাহসহ নিজ খরচে যাবতীয় প্রি-প্রেস কার্যাবলী সম্পন্ন করতে হবে।		
২.	ক্যালেন্ডার এর স্পেসিফিকেশনঃ-		(ক) ছবিবিহীন এক পাতায় দুই মাস আনুভূমিক (হরিজেন্টাল) প্রিন্ট হবে।		
			(খ) ক্যালেন্ডারের সংখ্যা	ঃ	৬,০০,০০০ (ছয় লক্ষ) টি ক্যালেন্ডার। সকল মেটারিয়াল অপরিবর্তিত রেখে প্রস্তাবিত ৬,০০,০০০ (ছয় লক্ষ) ক্যালেন্ডারের মধ্য থেকে অগ্রণী ব্যাংক পিএলসি. এর সাবসিডিয়ারীজ প্রতিষ্ঠান "অগ্রণী এসএমই ফাইন্যান্সিং কোম্পানী পিএলসি. এর জন্য ৫০০০ (পাঁচ হাজার) টি এবং " অগ্রণী ইক্যুইটি এন্ড ইনভেষ্টমেন্ট লিমিটেড" এর জন্য ২০০০ (দুই হাজার) টি ক্যালেন্ডারের প্রতিটিতে প্রতিষ্ঠানদ্বয়ের নিজস্ব নাম ও লোগোসহ মুদ্রণ করতে হবে।
			(গ) ক্যালেন্ডারের সাইজ	ঃ	১৯.৫০" X ১৪.৫০" ।
			(ঘ) কাগজ	ঃ	১২০ জিএসএম উন্নতমানের ডাবল ক্রাউন অফসেট পেপার।
			(ঙ) পাতার সংখ্যা ও রং	ঃ	০৬ পাতা ও ০৪ রং এর মুদ্রণ।
			(চ) টপশীট	ঃ	৭০ জিএসএম উন্নতমানের অফসেট পেপার দ্বারা টপশীট হবে। উপরে অগ্রণী ব্যাংক পিএলসি. এর মনোগ্রাম মুদ্রণ করতে হবে।
			(ছ) সাপোর্টিং শীট	ঃ	সাপোর্টিং শীট সাইজ ঃ- ১৪.৫ "× ৪" এবং ৩৫০ জিএসএম সুইডিশ বোর্ডের হবে।
			(জ) বাইন্ডিং	ঃ	বিদেশী ডাবল ওয়্যার স্পাইরাল বাইন্ডিং (উন্নত মানের) সাদা ও ওয়্যার বাইন্ডিং সাইজ প্রতিটি ২২ গেজী ১৩.৫" লম্বা এবং হ্যাঙ্গার ১৬ গেজী মজবুত হতে হবে।
			(ঝ) বিশেষ নির্দেশনা	ঃ	ক্যালেন্ডার এর নিচে তিনটি টেবিলের ১ম টিতে অত্র ব্যাংকের বিভিন্ন প্রোডাক্ট এর (বিভিন্ন সঞ্চয়ী স্কীম, ঋণ, সেবাসমূহ) তথ্যাদি সন্নিবেসিত হবে। ২য় টেবিলে পরবর্তী মাসের নাম ও তারিখ এবং ৩য় টেবিলে ছুটির তথ্যাদি থাকবে। টেবিলসমূহের উপরে ঠিক মধ্যখানে কিউআর কোড থাকবে।
			(ঞ) খামের সংখ্যা	ঃ	৫০০০ (পাঁচ হাজার) টি ।
৩.	ইজিপি আইডি	:	১৩৬৭৯৮২ (বিজ্ঞাপন দৈনিক প্রথম আলো ও দি ডেইলি ষ্টার পত্রিকায় ০৮-১১-২০২৬ তারিখ প্রকাশিত হয়েছে)		
৪.	অর্থের উৎস	:	অগ্রণী ব্যাংক পিএলসি. এর নিজস্ব উৎস থেকে।		
৫.	দরপত্র সিডিউলের সাথে যে সকল ডকুমেন্টস জমা দিতে হবে-	:	(ক) হাল নাগাদ ট্রেড লাইসেন্স, আয়কর সনদ ও ভ্যাট সার্টিফিকেটের এর সত্যায়িত কপি। (খ) সত্ত্বাধিকারী/অংশীদারীগণের/পরিচালকদের এনআইডি কার্ড এর সত্যায়িত কপি। (গ) প্রিন্টিং ইন্ডাস্ট্রিজ এসোসিয়েশন কর্তৃক মেম্বরশীপ এর সত্যায়িত কপি। (ঘ) কমপক্ষে ১,৫০,০০,০০০/- (এক কোটি পঞ্চাশ লক্ষ) টাকার লিকুইড এসেট সনদপত্রের সত্যায়িত কপি। (ঙ) ক্যালেন্ডার মুদ্রণ কাজে কমপক্ষে ০৩ (তিন) বছরের অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত কপি। (চ) একক কার্যাদেশে কমপক্ষে ৪.০০ (চার) লক্ষ ক্যালেন্ডার সরবরাহের অভিজ্ঞতার প্রত্যয়নপত্রের কপি (কার্যাদেশের কপিসহ)। (ছ) একক কার্যাদেশে কমপক্ষে ১,৫০,০০,০০০/- (এক কোটি পঞ্চাশ লক্ষ) মূল্যমানের/ টাকার ক্যালেন্ডার মুদ্রণ ও কার্যসম্পাদনের প্রত্যয়নপত্রের কপি ও কার্যাদেশের কপিসহ। (জ) কোম্পানীর নিজস্ব প্যাডে ক্যালেন্ডারে ব্যবহৃত প্রিন্টিং, বাইন্ডিং এবং কাটিং এর কাজে ব্যবহৃত মেশিনারিজ এর ফটোগ্রাফ এবং মেশিনারিজ থাকার ঘোষণাপত্র দিতে হবে। (ঝ) বাংলাদেশ মুদ্রণালয় শিল্প সমিতির সনদপত্রের সত্যায়িত কপি।		

৬.	অন্যান্য শর্তাবলী	:	**শর্তাবলী:**

(ক) কার্যাদেশ প্রাপ্তির ০২ (দুই) কর্ম দিবসের মধ্যে ক্যালেন্ডার ও খামের ডিজাইন সঠিকভাবে তৈরী করে প্রুফকপি ব্যাংকের অনুমোদনের জন্য দাখিল করতে হবে। ইংরেজী মাসের তারিখ ইংরেজীতে এবং বাংলা ও আরবী মাসের নাম ও তারিখ পৃথক রং-এ হবে। উভয় ক্ষেত্রে সাপ্তাহিক ও সরকারী ছুটির দিন ও তারিখ নির্ভুলভাবে লাল কালিতে হতে হবে। ব্যাংকের মনোগ্রাম ও ওয়েব সাইটের ঠিকানা উল্লেখ থাকতে হবে।

(খ) সকল মেটারিয়াল অপরিবর্তিত রেখে প্রস্তাবিত ৬,০০,০০০টি ক্যালেন্ডারের মধ্য থেকে অগ্রণী ব্যাংক পিএলসি. এর সাবসিডিয়ারীজ প্রতিষ্ঠান "অগ্রণী এসএমই ফাইন্যান্সিং কোম্পানী পিএলসি". এর জন্য ৫০০০টি এবং "অগ্রণী ইকুইটি এন্ড ইনভেষ্টমেন্ট লিমিটেড" এর জন্য ২০০০ টি ক্যালেন্ডারের প্রতিটিতে প্রতিষ্ঠানদ্বয়ের নিজস্ব নাম ও লোগোসহ মুদ্রণ করতে হবে।

(গ) কৃতকার্য মুদ্রণকারী প্রতিষ্ঠানকে কার্যাদেশ প্রাপ্তির ০৩ (তিন) কর্মদিবসের মধ্যে ব্যাংক কর্তৃক অনুমোদিত নমুনা/ডিজাইন অনুযায়ী খামসহ ক্যালেন্ডারের মুদ্রিত নমুনা অগ্রণী ব্যাংক পিএলসি. প্রকিউরমেন্ট এন্ড কমন সার্ভিসেস ডিভিশন (প্রিন্টিং), আলামিন সেন্টার, ৩য় তলা, প্রধান কার্যালয়, মতিঝিল, ঢাকা-১০০০ হতে অনুমোদন করিয়ে নিতে হবে। ব্যাংক কর্তৃক অনুমোদিত নমুনা/ডিজাইন অনুমোদনের পর কার্যাদেশ মোতাবেক খামসহ সম্পূর্ণ ক্যালেন্ডার সরবরাহ করতে হবে। আংশিক ডেলিভারী গ্রহনযোগ্য হবে, তবে অসম্পূর্ণ বা আংশিক ডেলিভারীর জন্য কোন প্রকার বিল প্রদান করা হবে না। উল্লেখ্য, এ কাজের জন্য কোন প্রকার অগ্রীম বিল প্রদান করা হবে না।

(ঘ) ক্যালেন্ডারের প্রুফ ও ছুটির তথ্যাদি (তারিখ) বিন্যাস দেখার দায়িত্ব মুদ্রণকারী প্রতিষ্ঠানের। প্রুফের পর কোন ভুল ভ্রান্তি হলে তার দায়-দায়িত্ব মুদ্রণকারী প্রতিষ্ঠানের উপর বর্তাবে। ব্যাংক প্রয়োজনে জরিমানা ধার্য্য করতে পারবে।

(ঙ) ব্যাংক কর্তৃপক্ষ কর্তৃক অতিরিক্ত ক্যালেন্ডার ও খাম মুদ্রণের সিদ্ধান্ত গ্রহণ করা হলে কার্যাদেশ প্রাপ্ত মুদ্রণকারী প্রতিষ্ঠানকে একই দরে অতিরিক্ত ক্যালেন্ডার ও খাম মুদ্রণ ও সরবরাহে সম্মত থাকতে হবে।

(চ) প্রতি ৫০ টি ক্যালেন্ডার ক্রেপ পেপারে মুড়িয়ে বান্ডেল তৈরী করতে হবে। ব্যাংক দৈব চয়নের ভিত্তিতে যে কোন বান্ডেলের সংখ্যা, কাগজ এবং মুদ্রনের মান যাচাই করবে। মান ও সংখ্যা যাচাইয়ের জন্য প্রতি বান্ডেলের ওজন মাপা হবে।

(ছ) স্পেসিফিকেসন মোতাবেক ক্যালেন্ডারের মানের কোন ত্রুটি পরিলক্ষিত হলে তা গ্রহণযোগ্য হবে না।

(জ) মুদ্রিত ক্যালেন্ডার মুদ্রণকারী প্রতিষ্ঠান কর্তৃক নিজ দায়িত্বে এবং খরচে অত্র ডিভিশন প্রদত্ত তালিকা মোতাবেক অত্র ব্যাংকের ১১ (এগারো) টি সার্কেল কার্যালয়ে কাভার্ড ভ্যান যোগে পৌছে দিতে হবে এবং অবশিষ্ট ক্যালেন্ডার অত্র ডিভিশনের গোডাউনে পৌছে দিতে হবে। ক্যালেন্ডার সমূহ প্রাপ্তির পর সার্কেল কার্যালয়ের প্রধানগণের নিকট হতে ক্যালেন্ডারের সংখ্যা ও মান সম্পর্কে প্রত্যয়ন পত্র গ্রহণ সাপেক্ষে চুড়ান্ত বিল পরিশোধ করা হবে।

(ঝ) কার্যাদেশ অনুযায়ী নির্ধারিত সময়ে ওয়াল ক্যালেন্ডার সরবরাহ করতে বিলম্ব হলে বিলম্বে সরবরাহকৃত ক্যালেন্ডারের মূল্য হতে পিপিআর -২০২৫ এর বিধি অনুযায়ী দিন প্রতি ০.১০% হারে জরিমানা কর্তনপূর্বক বিল পরিশোধের ক্ষমতা ব্যাংক কর্তৃপক্ষ সংরক্ষণ করে। এছাড়াও, সরবরাহকৃত ক্যালেন্ডারের গুনগত মান খারাপ হলে কারিগরি পরীক্ষণ ও গ্রহণ কমিটি কর্তৃক প্রদত্ত জরিমানা কর্তনপূর্বক বিল পরিশোধের ক্ষমতা ব্যাংক কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

(ঞ) শর্তযুক্ত কোন দরপত্র গ্রহনযোগ্য নয়। দাখিলকৃত দরপত্র চুড়ান্ত বলে গণ্য হবে। উদ্ধৃত দরকে ভুল আখ্যায়িত করে অথবা অন্য কোন কারণ দেখিয়ে দরপত্র প্রত্যাহার কিংবা কার্যাদেশ বাতিলের আবেদন করলে সংশ্লিষ্ট পণ্যের বিপরীতে জমাকৃত টেন্ডার সিকিউরিটি বাজেয়াপ্ত করা হবে। উপরন্তু ব্যাংকের ভোগান্তি/অসুবিধা বিবেচনা করে জরিমানা/ক্ষতিপূরণ/কালো তালিকাভূক্তকরণ /অনুরুপ উপযুক্ত ব্যবস্থা গ্রহণের ক্ষমতা ব্যাংক কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

(ট) শর্তানুযায়ী সমুদয় ক্যালেন্ডার সরবরাহ করার পর কারিগরি পরীক্ষণ ও গ্রহণ কমিটি কর্তৃক মান যাচাই ও সন্তুষ্টি সাপেক্ষে বিল পরিশোধ করা হবে।

(ঠ) প্রচলিত সরকারী বিধি মোতাবেক মূল্য সংযোজন কর (ভ্যাট) ও আয়কর মূল বিল হতে কর্তনপূর্বক বিল

			(ড) ক্যালেন্ডার মুদ্রণ ও বিল পরিশোধকালীন সময়ের মধ্যে সরকারী ভ্যাট ও আয়কর এর হার পরিবর্তন করা হলে পরিবর্তিত হারে ভ্যাট ও আয়কর কর্তন পূর্বক বিল পরিশোধ করা হবে। (ঢ) আগ্রহী মুদ্রণকারী প্রতিষ্ঠানকে ওয়াল ক্যালেন্ডারের কাগজ ও টপশীটসহ ০১ (এক) সেট নমুনা ক্যালেন্ডার ও ১টি নমুনা খাম বাঁধাই করে দরপত্র খোলার দিন বেলা ১২.০০ টার মধ্যে প্রতিষ্ঠানের নিজস্ব প্যাডে ফরওয়ার্ডিংসহ উপমহাব্যবস্থাপক, প্রকিউরমেন্ট এন্ড কমন সার্ভিসেস ডিভিশন (প্রিন্টিং), অগ্রণী ব্যাংক পিএলসি., প্রধান কার্যালয়, আলামিন সেন্টার (৩য় তলা), দিলকুশা, বা/এ,, ঢাকায় দাখিল করতে হবে। (ণ) দরপত্রের কার্যক্রম- PPA-2006 ও PPR-2025 অনুযায়ী পরিচালিত হবে। (ত) ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে সকল দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে এবং সর্বনিম্ন দরদাতার দরদাতার দরপত্র গ্রহণে বাধ্য নয়। (থ) দরপত্রে উদ্ধৃত দর কাটাকাটি/ঘষামাজা করা যাবেনা। কেবলমাত্র ০১ (একটি) দর স্পষ্টভাবে অংকে ও কথায় উল্লেখ করতে হবে। দশমিকের পর দুই ঘর পর্যন্ত প্রদর্শন করা যাবে। (দ) একাধিক দরপত্র দাতার উদ্ধৃত দর একই হলে দরপত্র দাতাদের মধ্যে যে কোন একজন দরদাতাকে কার্যাদেশ দেয়ার অধিকার ব্যাংক কর্তৃপক্ষ সংরক্ষণ করে। (ন) কোন দরদাতা প্রতিষ্ঠান দরপত্র দাখিলের পর যে কোন কারণে দরপত্র বাতিলের আবেদন করলে দরপত্রের সাথে দাখিলকৃত আর্নেষ্ট মানির টাকা বাজেয়াপ্ত করা হবে এবং উক্ত দরদাতার দরপত্র বাতিল বলে গণ্য হবে। (প) কৃতকার্য মুদ্রণকারী প্রতিষ্ঠানকে কার্যাদেশ গ্রহণের পূর্বে PPR-2025 অনুযায়ী দরপত্রে উদ্ধৃত মূল্যের ১০% সমপরিমান টাকার পেমেন্ট অর্ডার/ব্যাংক গ্যারান্টি পারফরমেনস্ সিকিউরিটি হিসেবে অত্র ব্যাংকের অনুকূলে জমা দিতে হবে। (ফ) কার্যাদেশ গ্রহণের পর ওয়াল ক্যালেন্ডার মুদ্রণ ও সরবরাহ সংক্রান্ত বিষয়ে ব্যাংকের সাথে ৩০০.০০ (তিনশত) টাকার নন-জুডিসিয়াল ষ্ট্যাম্পে চুক্তিপত্র সম্পাদন করতে হবে। (ব) অকৃতকার্য দরদাতাদের আর্নেষ্টমানি যথাসময়ে ফেরত দেওয়া হবে।

(অরুন্ধতী মন্ডল)
উপ-মহাব্যবস্থাপক
০৮/১১/২০২৫

অগ্রণী ব্যাংক পিএলসি.

প্রকিউরমেন্ট এন্ড কমন সার্ভিসেস ডিভিশন (প্রিন্টিং)
প্রধান কার্যালয়, মতিঝিল, ঢাকা

অগ্রণী ব্যাংক পিএলসি. এর ২০২৭ সনের ওয়াল ক্যালেন্ডার ও খাম মুদ্রণ এবং সরবরাহ সংক্রান্ত বিজ্ঞপ্তি

(উন্মুক্ত দরপত্র)

কাজের নাম : Printing and Supplying of 6,00,000 (Six Lac) Wall Calendars & 5,000 (Five Thousands) Pieces of Envelopes.

টেন্ডার রেফারেন্স : PCSDP/12/2026; e-GP ID: 1367982

দরপত্র বিজ্ঞপ্তির বিস্তারিত তথ্য অগ্রণী ব্যাংক পিএলসি. এর ওয়েবসাইট www.agranibank.org এর Tender Board এ রয়েছে।

যোগাযোগ : প্রকিউরমেন্ট এন্ড কমন সার্ভিসেস ডিভিশন (প্রিন্টিং), প্রধান কার্যালয়, ২৫/এ, আলামিন সেন্টার (৩য় তলা), দিলকুশা, বা/এ, ঢাকা।

ফোন : ০২-২২৩৩৮০৭১৮

স্বা/-
উপ-মহাব্যবস্থাপক

দৈনিক প্রথম আলো
তারিখ: ০৮/১১/২০২৬